

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম কল্যাণ কেন্দ্র,
চাষাড়া, নারায়ণগঞ্জ।

E-Mail: lwc.chashara @ gmail.com

নং-৪০.০২.০০০০.৪০৪.২৩.০০১.২০২১.

তারিখঃ ০২/২/২০২১ খ্রি.

বরাবর,
মহা পরিচালক,
শ্রম অধিদপ্তর,
শ্রম ভবন, ঢাকা।

সূত্র: ৪০.০২.০০০০.০৩১.২৩.০০১.২০.৬৫

তারিখ: ৩১ জানুয়ারি ২০২১

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে শ্রম অধিদপ্তর কর্তৃক গৃহীত, কর্মসূচিতে একটি মানবিক কর্মসূচি অন্তর্ভুক্ত প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিববর্ষের বর্ধিত সময়কাল উদযাপন উপলক্ষে ইতোমধ্যে শ্রম অধিদপ্তর কর্তৃক কর্মসূচি গ্রহন করা হয়েছে এবং তা মন্ত্রণালয় প্রেরণ করা হয়েছে। মুজিববর্ষ উদযাপন উপলক্ষে শ্রম অধিদপ্তর কর্তৃক গৃহীত “টেলিমেডিসিন সেবা”, “রক্তদান কর্মসূচি”, “বৃক্ষরোপন কর্মসূচি”-সহ বিভিন্ন কর্মসূচি সারাদেশে প্রশংসিত হয়েছে। তার ধারাবাহিকতায় সম্মানিত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় মহোদয়ের নির্দেশনা মোতাবেক মুজিববর্ষের বর্ধিত সময়কাল উদযাপন উপলক্ষে শ্রম অধিদপ্তর কর্তৃক গৃহীত কর্মসূচিতে সারাদেশে প্রচারযোগ্য এবং প্রশংসিত হবে এরূপ একটি মানবিক কর্মসূচি অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে।

উল্লেখ্য, শ্রম কল্যাণ কেন্দ্র কর্তৃক প্রদত্ত প্রতিটি সেবাই সরাসরি মানবিক সেবা। কাজেই নতুন মানবিক সেবা দেয়া থেকে নিম্নে উল্লেখিত বিষয়গুলি বিবেচনা করা যেতে পারে।

১। দুঃস্থ ও অসহায় অপ্রাথমিক শ্রমিক (রিফ্রাওয়াল। দিন মজুর, গৃহকর্মী ও কুলি) এদের ন্যূনতম একবেলা পুষ্টিকর খাবারের সংস্থান করা।

২। দুঃস্থ ও অসহায় অপ্রাথমিক শ্রমিক (রিফ্রাওয়াল। দিন মজুর, গৃহকর্মী ও কুলি) এদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করা।

৩। দুঃস্থ ও অসহায় অপ্রাথমিক শ্রমিক (রিফ্রাওয়াল। দিন মজুর, গৃহকর্মী ও কুলি) এদের সন্তানদের মধ্যে ন্যূনতম ১ জনের বই পত্র কিনে দেয়া।


৪। শ্রম কল্যাণ কেন্দ্রগুলোতে যে ২ টি পরিবার পরিকল্পনা সেবা বিদ্যমান, এছাড়া অন্যান্য পরিবার পরিকল্পনা সেবা দানের ব্যবস্থা করা।

৫। শ্রমিকদের মধ্যে করোনা ভেকসিনের জন্য নিবন্ধন করে বিনামূল্যে করোনা ভেকসিন সরবরাহ করা।

৬। প্রতিমাসে ১ বার শিল্প প্রতিষ্ঠানে গমনপূর্বক শ্রমিকদেরকে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে উদ্বুদ্ধ করা।

অতএব, ইহা মহোদয় কর্তৃক পরবর্তী কার্যক্রম গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

আপনার অনুগত,



(ডা. রিফাত মেহজাবীন)

সি. মেডিকেল অফিসার(চ.দা.)

শ্রম কল্যাণ কেন্দ্র,

চাষাড়া, নারায়ণগঞ্জ।

